

# প্রফেশনাল কার্টুন ইফেক্ট

আহমেদ ওয়াহিদ মাসুদ

আমরা সবাই জানি ফটোশপ একটি অত্যন্ত শক্তিশালী এডিটিং সফটওয়্যার, কিন্তু আমাদের অনেকেই খুব একটা বেশি ধারণা নেই যে এই সফটওয়্যার দিয়ে কী ধরনের এডিটিংয়ের কাজ করা সম্ভব। এ লেখার পেছানো হয়েছে কিভাবে ফটোশপ ব্যবহার করে একটি সাধারণ ছবিকে কার্টুন ছবিতে পরিণত করা যায়।

প্রথমে ফটোশপে একটি ছবি ওপেন করে সেটিকে ডিস্যাচুরেট করতে হবে। অর্থাৎ ছবিটিকে সাদাকালা করতে হবে। চিত্র-১-এ মূল ছবিটি এবং চিত্র-২-এ সাদাকালা ছবিটি দেখানো হলো। সাদাকালা করার জন্য ইমেজ ট্যাব থেকে অ্যাডজাস্টমেন্ট গিয়ে ডিস্যাচুরেট অপশন সিলেক্ট করতে হবে। অথবা shift+ctrl+J চাপলে সরাসরি ছবিটি ডিস্যাচুরেট হবে।

এবার ছবিটির একটি ডুপ্লিকেট লেয়ার তৈরি করতে হবে। লেয়ার ট্যাব থেকে ডুপ্লিকেট অপশন সিলেক্ট করলে একটি ডুপ্লিকেট লেয়ার তৈরি হবে। এবার ইমেজ ট্যাব থেকে অ্যাডজাস্টমেন্ট অপশনে গিয়ে ইনভার্ট অপশন সিলেক্ট করলে লেয়ারটির কালার ইনভার্ট হয়ে যাবে। লেয়ারটির ব্রেকিং মোড পরিবর্তন করে কালার ডজ সিলেক্ট করতে হবে। এবার ছবিটিকে একটু ব্লার করা প্রয়োজন। এর জন্য ফিল্টার ট্যাবে গিয়ে ব্লার অপশনে গণিমান ব্লার সিলেক্ট করতে হবে। ব্লারের মান এমনভাবে নির্ধারণ করতে হবে যেন প্রায় ছবিটি দেখতে চিত্র-৩-এর মতো হয়।


এক্ষেত্রে ব্লারের মান ৫.৭ ব্যবহার করা হয়েছে। যদিও ছবিটির আউটলাইন বর্ডার বেশ ভালো হয়েছে, তবুও চিত্রিত অংশগুলো একটু মোলা রয়েছে। তাই একটু পরিবর্তন করা প্রয়োজন। এটি করার জন্য ছবিটিকে প্রথমে



চিত্র : ০১




চিত্র : ০২



চিত্র : ০৩

ছাটি করতে হবে। বামদিকে লেয়ারে ডান বাটন ক্লিক করে ল্যাউট ইমেজ অপশন সিলেক্ট করে ব্ল্যাট করা সম্ভব। এবার ছাটি করা লেয়ারের ওপর ডাবল ক্লিক করে নামটি পরিবর্তন করে 'outlining'-এ পরিবর্তন করুন। এবার আউটলাইনিং লেয়ারটির নিচে আরেকটি লেয়ার তৈরি করুন এবং সেটি পেইন্ট ব্রাশের টুল ব্যবহার করে সাদা রঙ দিয়ে পূর্ণ করুন। নতুন লেয়ারটির নাম দিতে পারেন 'bg (for background)'। এবার আউটলাইনিং লেয়ারের জন্য একটি লেয়ার মাস্ক তৈরি করতে হবে। আউটলাইনিং লেয়ারটি সিলেক্ট করে ফটোশপ উইন্ডোটির একদম নিচের দিকে 'add layer mask' নামের একটি বাটন চাপলে সিলেক্ট করা লেয়ারটির একটি লেয়ার মাস্ক তৈরি হবে। এবার লেয়ার মাস্কটি (মূল লেয়ারটি নয়) সিলেক্ট করে ব্রাশ টোল দিয়ে রঙ সহকারে ব্রাশ টুল দিয়ে রঙ করতে হবে, তাহলে কিছু ব্যাকগ্রাউন্ড এবং ড্রেশ টেক্সচার দূর হবে, যা চিত্র-৪-এর মতো দেখাবে। লেয়ার মাস্কের কাজটি শেষ করার পর মূল আউটলাইনিং লেয়ারটি সিলেক্ট করলে দেখা যাবে টেক্সচারের কিছু পরিবর্তন হয়েছে।

এবার একটু ভিন্ন ধরনের কাজ করতে হবে। ছবিটির ডিটেইল আরও ভালো করা প্রয়োজন, যাতে ঠিকমতো এডিট করা সম্ভব হয়। এর জন্য আউটলাইনিং লেয়ারটির ব্রেকিং মোড পরিবর্তন করে 'multiply' মোড সিলেক্ট করতে হবে এবং লেয়ারটি কয়েকবার ডুপ্লিকেট করতে হবে, যাতে ছবিটির বিভিন্ন অংশ আরও ভালোভাবে ফুটে ওঠে। এখানে ছবিটি ৫-৭ বার ডুপ্লিকেট করা হয়েছে, কিন্তু বিভিন্ন ছবির জন্য এটি ভিন্ন সংখ্যক হতে পারে। ডুপ্লিকেট করার সহজ পদ্ধতি হলো আউটলাইনিং লেয়ারটি সিলেক্ট



করে ctrl+j চাপতে হবে। এখন ছবিটি যথেষ্ট সুন্দর হয়েছে, কিন্তু ছবিটির কিছু কিছু জায়গায় অতিরিক্ত ইফেক্ট পড়েছে যা অপ্রয়োজনীয়। এটি দূর করার জন্য ডুপ্লিকেট লেয়ারগুলো মিশিয়ে একটি একক লেয়ার তৈরি করতে হবে। এটি করার জন্য ctrl বাটন চেপে সব লেয়ার সিলেক্ট করে রাইট বাটন ক্লিক করে 'merge layers' অপশন সিলেক্ট করলে একটি একক লেয়ার পাওয়া যাবে। এই নতুন লেয়ারটির নাম দেয়া যাক 'outlining detail' এবং এটির জন্যও একটি লেয়ার মাস্ক তৈরি করুন। এবার 'outlining detail'-এর লেয়ার মাস্কটি সিলেক্ট করে ফোরগ্রাউন্ড কালো রঙ সহকারে চিত্র-৫-এর মতো রঙ করুন। তাহলে মূল ছবিটি আরও ফুটে উঠবে। আউটলাইনিং লেয়ারটির কাজ প্রায় শেষ পর্যায়। আর একটু এডিট করতে হবে। এবার 'imcoat' নামে আরেকটি নতুন লেয়ার তৈরি করে লেয়ারটি একটু এডিট করুন। ৪-৫ px ব্রাশ (১০০%

হার্ডনেস সহকারে) দিয়ে ছবিটির আউটলাইনগুলো একটি এডিট করণ যাতে ছবিকে দেখতে কার্টুনের মতো হয়। 'shape dynamics' অন করে এবং 'size jitter' অপশনটি 'pen pressure'-এ সিলেক্ট করে এডিট করলে ছবিটি দেখতে অনেকটাই কার্টুনের মতো হবে। আউটলাইনের এডিট শেষ হলে 'out lining', 'out lining detail' এবং 'lineart' লেয়ারগুলো মার্জ করে একটি লেয়ার তৈরি করণ এবং লেয়ারটির নাম দিন 'Lineart'।

এবার কালারিংয়ের কাজ। 'base colors' নামে একটি লেয়ার তৈরি করণ এবং লেয়ারটির রেজিং মোড 'multiply'-এ সিলেক্ট করণ। খোলা রাখতে হবে পেন ট্যাবলেটের 'phase dynamics' মোডটি যেন অন থাকে এবং 'paint'-এর opacity যেন ১০০% থাকে। যদি পেন ট্যাবলেট না থাকে তাহলে পেন টুল ব্যবহার করে সিলেকশনের কাজ করতে হবে। ছবিতিকে চিত্র-৬-এর মতো সিলেক্ট করে সিলেকশনের ভেতরে রাইটি বাটন ক্লিক করে 'make selection' অপশনটি সিলেক্ট করণ এবং 'feather ratio' ০-তে রাখুন।

সিলেকশন শেষ হলে ফোরগ্রাউন্ড কালার করতে হবে। একেই #f0d6c9 রঙটি ব্যবহার করা হয়েছে। alt+backspace চাপলে সিলেক্টেড অংশের ফোরগ্রাউন্ড কালার করা যাবে অথবা পেইন্ট বাকেট টুলও ব্যবহার করা যেতে পারে। এভাবে 'base colors' লেয়ারের বিভিন্ন অংশের ফোরগ্রাউন্ড নিজের ইচ্ছামতো রঙ করে দিন। ভুলবশত সিলেকশনের বাইরে কালার চলে গেলে ইরেজার ব্যবহার করে তা মুছে ফেলা যাবে। এখানে চিত্র-৭-এর মতো করে ফোরগ্রাউন্ডের কালারিং করা হয়েছে।

কালারিং শেষে ছবিটির ভেগ্না বাড়াতে থাকুন। কিছু highlights এবং shadow ব্যবহার করে এটি করা সম্ভব। এখানে ভেগ্না বাড়ানোর কাজটি অসলো একটি লেয়ারে করণ। নতুন লেয়ারটির নাম দিন 'highlights/shadow' এবং লেয়ারটির ওপর রাইটি বাটন ক্লিক করে 'cross clipping mask' অপশনটি সিলেক্ট করণ। ক্লিপড করার ফলে এই লেয়ারটির উপাদানগুলো শুধু বেস লেয়ারে দেখা যাবে।

এখন কাজ হলো ছবিটির লাইট সোর্স টিক



চিত্র : ০৭



চিত্র : ০৮




চিত্র : ০৯

করা। পরিমাণমতো লাইট সোর্স টিক করে নিলে ছবিটির ভেগ্না আতঙ্কময় হবে অর্থাৎ ছবিটির shadow টিকভাবে বোঝা যাবে। লাইট সোর্স টিক করার নিয়ম হলো ছবিটির যেসব অংশে অঙ্ককার থাকা উচিত সেসব অংশে শেডিং করতে হবে আর যেসব অংশ উজ্জ্বল হওয়া উচিত সেসব অংশ হাইলাইট করতে হবে। মাউস দিয়ে এডিট করতে opacity ৩০%-৪০% সহকারে ব্রাশ ব্যবহার করাই ভালো। চিত্র-৮-এ দেখানো হলো কোথায় কতটুকু পরিমাণে শেডিং এবং হাইলাইট করতে হবে। কাজ শেষ হলে base color লেয়ারে গিয়ে দেখুন ছবিটি আরও সুন্দর দেখাচ্ছে। সবশেষে একটি জিন টোন দিন। ইন্টারনেট থেকে পছন্দমতো একটি জিন টোন ডাউনলোড করে ইমপোর্ট করে দিন 'screen tone' নামের একটি লেয়ারে। খোলা রাখতে হবে লেয়ারটির রেজিং মোড যেন 'multiply'-এ সিলেক্ট করা থাকে। জিন টোন লেয়ারে একটি লেয়ার মাস্ক তৈরি করণ এবং ১২০-১৩০ px-এর ব্রাশ (৩০% হার্ডনেস) সহকারে চিত্র-৯-এর মতো কালার করণ। এবার ব্যাকগ্রাউন্ড লেয়ার জন্য আবার ছবিতিকে স্ক্যান করতে

হবে। স্ক্যান করার পর background লেয়ারের নাম 'girl' দিন। এখন সাদা ব্যাকগ্রাউন্ড মুছে ফেলার জন্য ম্যাজিক ওয়ান্ড টুল দিন (টোলারেন্স=৩.২) এবং ছবিটির ব্যাকগ্রাউন্ড সিলেক্ট করণ। shift চেপে সিলেক্ট করলে মূল ছবির ভেতরের অংশ ব্যাকগ্রাউন্ডের সাথে একসাথে সিলেক্ট করা যাবে (চিত্র-১০)। ব্যাকগ্রাউন্ড সিলেক্ট করা হয়ে গেলে লেয়ার ট্যাগে গিয়ে layer mask-এ hide selection অপশনটি সিলেক্ট করলে সম্পূর্ণ ব্যাকগ্রাউন্ডটি মুছে যাবে এবং ইমপোর্ট করা ব্যাকগ্রাউন্ডটি চলে আসবে।

এবার girl লেয়ারের নিচে background নামে আরেকটি লেয়ার তৈরি করণ এবং #f0700f কালার দিয়ে পূর্ণ করণ। background লেয়ারের ওপরে Zoom Lines আরেকটি লেয়ার তৈরি করণ। ব্রাশ টুল সিলেক্ট করে তা ৮ px এবং হার্ডনেস ১০০%-এ সেট করণ। ব্রাশ টুল সিলেক্ট অবস্থায় ব্রাশ প্যান্ডেলে ক্লিক করণ, Brush Tip Shape সিলেক্ট করে Spacing ১৭.৫%-এ সেট করণ, Shape Dynamics সিলেক্ট করে Size Jitter ১০০%-এ সেট করণ

এবং সাথে ফোরগ্রাউন্ডের রঙ সাদা করণ। এবার girl লেয়ারটি হাইড করণ, shift চেপে মাঝে মাঝে ব্রাশ টুল দিয়ে 'zoom lines' লেয়ারের ওপর ছবির সমান্তরাল একটি রেখা টানুন। লাইনটি পরিবর্তন করতে ctrl+n চাপুন।



চিত্র : ১১



চিত্র : ১২

এবার alt চেপে মিডল বক্সটি চিত্র-১১-এর মতো করে রাখুন। এখন Filter ট্যাবের Distort অপশনে গিয়ে Polar Coordinates সিলেক্ট করণ। সেখানে Rectangular to Polar সিলেক্ট করণ। Ctrl+n চাপার পর Alt+Shift চেপে রিসাইজ করণ। এবার আবারও Filter-এ গিয়ে blur-এ গিয়ে পশিফাল ব্লার ১৪.৮-এ সেট করণ। এবার zoom lines লেয়ারটির opacity ৫২%-এ সেট করণ এবং girl লেয়ারটি আনহাইড করণ (চিত্র-১২)।

এভাবে ফটোশপ ব্যবহার করে যেকোনো ছবিকে কার্টুন ছবিতে পরিণত করা যায়। এখানে কার্টুন ছবি বসানোর একটি সাধারণ ধারণা দেয়া হলো। এর সাথে আরও ইফেক্ট দিয়ে আরও সুন্দরভাবে এডিট করা সম্ভব।

কিডব্যাক : [webidn.asudcs@gmail.com](mailto:webidn.asudcs@gmail.com)